


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd



স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৩৪.০০১.১৯- ২৪২

তারিখঃ ০৭-০৪-২০২৩খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০২/০৪/২০২৩খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬৪.১২.০০৯.১৮-৪১ নং স্মারক এর মাধ্যমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন ০৫টি সমাপ্ত প্রকল্পের ৭০২টি পদের জনবল রাজস্বখাতে আত্মীকরণের ফলে বেতন নির্ধারণের তারিখ এবং সাফল্য বেতন রাজস্বখাতে বেতনক্ষেলে সংরক্ষণ হবে কিনা সে বিষয়ে প্রদত্ত স্পষ্টিকরণ সংক্রান্ত পত্রটি আদিষ্ট হয়ে এতদসঙ্গে পৃষ্ঠাংকন করা হলো।

হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

বরাবর,

- ১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১৫/১১/২০২২খ্রিঃ তারিখের ০৭.০৩.০১৩৬.০০১.১০৮.৮২২/৩৬৫ নং স্মারকের প্রেক্ষিতে।
- ৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৫। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
- ৬। পিএটু-সিজিএ/অতিঃসিজিএ (প্রশাসন), অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ জাকির হোসেন)

উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)

ফোনঃ ৮৩৯২৬১৩।

স্বাক্ষরিত
১৪/০৪/১৯
১৪/০৪/১৯

১৪/০৪/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-৪
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৬৪.১২.০০৯.১৮- ৪২

তারিখঃ ১৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ।
০২ এপ্রিল, ২০২৩খ্রিঃ।

বিষয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন ০৫টি সমাপ্ত প্রকল্পের ৭০২টি পদের জনবল রাজস্বখাতে আত্মীকরণের ফলে বেতন নির্ধারণের তারিখ এবং সাকুল্য বেতন রাজস্বখাতে বেতনস্কেলে সংরক্ষণ হবে কি না সে বিষয়ে স্পষ্টিকরণ প্রসংগে।

সূত্রঃ হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় হতে প্রাপ্ত স্মারক নং ০৭.০৩.০০০০.০০৯.৩৪.০০১.১৯-১৭৯, তারিখঃ ১০-০১-২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন ৫টি সমাপ্ত প্রকল্পের (১৭+৩২৩+৬৫+০৬+১১৯+১৭২)=৭০২ জন কর্মকর্তা/কর্মচারী আত্মীকরণের বিষয়ে সুপ্রিম কোর্টের আপীল বিভাগের সিভিল পিটিশন পর লীড টু আপীল নং ৪৩১/২০১৬, ৩১৮/২০১৬, ৩২৭/২০১৬, ২৬৯১/২০১৫, ২৪৩/২০১৫ এর রায়ে উল্লেখিত ১৭ BLC (AD) 91 এর নির্দেশনা এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ১১-০২-২০১৯খ্রিঃ তারিখের ২৬নং স্মারকে প্রদত্ত মতামতের ভিত্তিতে অর্থ বিভাগের সিদ্ধান্ত নিম্নরূপঃ

(ক) সুপ্রিম কোর্টের আপীল বিভাগের রায়ে উল্লেখিত হাইডলাইনে শূণ্য পদে আত্মীকরণের নির্দেশনা সত্ত্বেও এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ হতে পদসৃজনের সম্মতি, বাস্তবায়ন অনুবিভাগ হতে বেতনস্কেল ভেটিং ও প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জি.ও জারীর তারিখ হতে আত্মীকরণের উল্লেখ থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ০৭-০৩-২০২২খ্রিঃ তারিখে ৭০২টি পদ সৃজন করে তা ২০০৬, ২০০৮ ও ২০১১ সাল থেকে ভূতাপেক্ষভাবে কার্যকর করার বিষয়টি যথাযথ হয়নি;

(খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন ৫টি সমাপ্ত প্রকল্পের জনবল আত্মীকরণের লক্ষ্যে যুগপৎ ভাবে পদ সৃজন এবং রাজস্বখাতে উক্ত সৃজিত শূন্যপদে আত্মীকরণ সংক্রান্ত প্রজ্ঞাপন জারির তারিখ ০৭-০৩-২০২২খ্রিঃ হতে আত্মীকৃত কর্মচারীগণ বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক ভেটিংকৃত স্কেলে বেতন নির্ধারণী সুবিধা প্রাপ্য হবেন;

(গ) সমাপ্ত প্রকল্পের আওতায় কোন পদের বিপরীতে প্রাপ্ত সাকুল্য বেতন রাজস্বখাতের বেতন স্কেলে সংরক্ষণের সুযোগ নেই এবং এ ক্ষেত্রে উক্ত পদের বিপরীতে বাস্তবায়ন অনুবিভাগ হতে নির্ধারিত বেতনগ্রেডের প্রারম্ভিক ধাপে ০৭-০৩-২০২২খ্রিঃ তারিখ হতে বেতন নির্ধারণ করতে হবে; এবং

(ঘ) রিট আবেদনের পিটিশনারগণ ব্যতীত প্রকল্পের অন্য কোন কর্মকর্তা/কর্মচারী আত্মীকরণের এ সুবিধা প্রাপ্য হবে না।

০২.০৪.২৩
মোহাম্মদ হাবিব উল্লাহ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৭৪৫

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

৩৭
১৪/০৪/১৯

৩৭
১৪/০৪/১৯